

পাঠ্যবই দিতে দেরি

এসএসসির প্রাক নির্বাচনী ও নির্বাচনী পরীক্ষা পেছাল

নিজস্ব প্রতিবেদক

১৯ ফেব্রুয়ারি ২০২৫, ১২:০০ এএম



শিক্ষার্থীদের হাতে বই দিতে দেরি হওয়ায় চলতি ২০২৫ শিক্ষাবর্ষের দশম শ্রেণির শিক্ষার্থীদের জন্য শিক্ষাপঞ্জিতে পরিবর্তন এনেছে শিক্ষা মন্ত্রণালয়। সংশোধিত শিক্ষাপঞ্জি অনুযায়ী, ২০২৬ সালে যারা এসএসসি পরীক্ষা দেবে, তাদের প্রাক-নির্বাচনী ও নির্বাচনী পরীক্ষার তারিখ পেছানো হয়েছে। আগামী ২৪ জুন থেকে দশম শ্রেণির শিক্ষার্থীদের প্রাক-নির্বাচনী পরীক্ষা শুরু হওয়ার কথা থাকলেও তা শুরু হবে ১ সেপ্টেম্বর। আর ১৬ অক্টোবর থেকে অনুষ্ঠেয় নির্বাচনী পরীক্ষা পিছিয়ে ২৭ নভেম্বর শুরুর ঘোষণা দেওয়া হয়েছে।

UNIBOTS



গতকাল মঙ্গলবার সংশোধিত এ শিক্ষাপঞ্জি প্রকাশ করেছে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ। এ প্রসঙ্গে শিক্ষা মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা জানান, এসএসসির প্রাক-নির্বাচনী ও নির্বাচনী পরীক্ষার সময় কিছুটা পিছিয়ে ছুটির তালিকা ও বর্ষপঞ্জি সংশোধন করে প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

শিক্ষাক্রম পরিবর্তন ও বছরের শুরুতে দশম শ্রেণির শিক্ষার্থীদের হাতে বই তুলে দিতে বিলম্বের কারণেই প্রাক-নির্বাচনী ও নির্বাচনী পরীক্ষা পেছানো হয়েছে কি না- এ প্রশ্নের জবাবে ওই কর্মকর্তা বলেন, সার্বিকভাবে শিক্ষা কার্যক্রম সচল রাখতে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এদিকে, ষষ্ঠ থেকে নবম শ্রেণির শিক্ষার্থীদের অর্ধবার্ষিক ও বার্ষিক পরীক্ষার সময় অপরিবর্তিত থাকছে। ২৪ জুন থেকে ১০ জুলাই পর্যন্ত অনুষ্ঠেয় অর্ধবার্ষিক পরীক্ষার ফল প্রকাশ হবে ২৭ জুলাই। বার্ষিক পরীক্ষা ২০ নভেম্বর থেকে শুরু হয়ে চলবে ৭ ডিসেম্বর পর্যন্ত। বার্ষিক পরীক্ষার ফল প্রকাশিত হবে ৩০ ডিসেম্বর।